গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালীর, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৬.১৯/

/১৪২৮বঙ্গাব্দ।
তাং-------------------------
/২০২১খ্রীষ্টাব্দ।

## বিজ্ঞপ্তি

যেহেতু, জনাব মোসাঃ সেলিনা ইয়াসমিন (পিতা-নূরুল লতিফ), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (সাময়িক বরখাস্ত), নার্সিং ইনস্টিটিউট, যশোর এর বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৯/০৪/২০১৯খ্রিঃ তারিখের ১২৩ সংখ্যক স্মারকে দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশের ১১/০৩/২০১৯খ্রিঃ তারিখের ৯২৭০(৩) সংখ্যক স্মারকে তার ভর্তি জালিয়াতি, পুনভর্তি জালিয়াতি, অনিয়মসহ নানা অভিযোগ এবং ২৪/০৪/২০১৯খ্রিঃ তারিখের ১৩৫ সংখ্যক স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১০/০৪/২০১৯খ্রিঃ তারিখের ০৩.১২.২৬৯০.০৭৯.০১৬.০৬.২০১৮-২৭৬(২) সংখ্যক স্মারকের তার বিভিন্ন অনিয়ম, দুনীতি ও অনৈতিক কার্যকলাপ সম্পর্কে অভিযোগ এ অধিদপ্তরে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগ সর্মূহ তদন্তের জন্য এ অধিদপ্তরের ১৫/০৫/২০১৯খ্রিঃ তারিখের ২১২ সংখ্যক স্মারকে গঠিত তদন্ত কমিটির ৩০/০৫/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় বিধায় এ অদিদপ্তরের ২১/০৭/২০১৯খ্রিঃ তারিখের ২৮৩ সংখ্যক স্মারকের আদেশে তাকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। পরবর্তীতে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধির আওতায় 'অসদাচারণ' ও 'দুর্নীতি' এর দায়ে এ অধিদপ্তরের ২৭/০৮/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭ .০৭৬.১৯/৩৪১ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামার কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তার ০৪/০৯/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব মোতাবেক ৩০/০৯/২০১৯খ্রিঃ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানীর বক্তব্য সন্তোষজনক নয় বিধায় দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ অধিদপ্তরের ০৬/১০/২০১৯খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-২/১স-৭৭৩/৮৮/৩১ সংখ্যক স্মারকে তিন সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়।

৪। যেহেতু, তদন্ত বোর্ড বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক ২৭/১০/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধির আওতায় 'অসদাচারণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত বোর্ড মতামত দিয়েছেন।

৫। যেহেতু, তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধির আওতায় 'অসদাচারণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে বিধায় এ অধিদপ্তরের ১৯/১১/২০১৯খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-২/১স-৭৭৩/৮৮/৪২০ সংখ্যক স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়।

৬। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে জারীকৃত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তার ২৬/১১/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় বিধায় তাকে গুরুদন্ত হিসেবে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার নিমিত্ত বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের মতামত গ্রহণের জন্য এ অধিদপ্তরের ১১/১২/২০১৯খ্রিঃ তারিখ ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৬.১৯/৪৬০ সংখ্যক স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৫/০৩/২০১৯খ্রিঃ তারিখের ৪৯.০০.০০০০.১৪৩ .০৪.০১.২০২০-১১৪ সংখ্যক স্মারকে প্রেরিত বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ২৪/০২/২০১৯খ্রিঃ তারিখ ৮০.০০.০০০০ .১০৭.৩৪.০০২.২০.৩২ সংখ্যক স্মারকের মতামত অনুযায়ী জনাব মোসাঃ সেলিনা ইয়াসমিন (পিতা-নূরুল লতিফ), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (সাময়িক বরখাস্ত), নার্সিং ইনস্টিটিউট, যশোর -কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধির আওতায় 'অসদাচারণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড অর্থাৎ সরকাররি চাকুরি হতে "বরখাস্তকরণের" সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়েছে।

৭। সেহেতু, এক্ষনে মামলা সংক্রান্ত সকল কাগজপত্রাদি, তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের মতামতের ভিত্তিতে জনাব মোসাঃ সেলিনা ইয়াসমিন (পিতা-নূরুল লতিফ), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (সাময়িক বরখাস্ত), নার্সিং ইনস্টিটিউট, যশোর-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি,২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধির আওতায় 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে একই বিধির ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তার উপর গুরুদন্ড আরোপ হিসেবে তাকে **"সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal)"** করা হলো।

স্বাঃ-
(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৬.১৯/ ২৬৪/১(১৬)

তাং ২১/০১ /১৪২৮বঙ্গাব্দ।
০৪/৫ /২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ, ১ সেগুনবাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি/নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পরিচালক-১২, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৭। সিভিল সার্জন, যশোর।
৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর।
৯। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, যশোর।
১০। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১১। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, যশোর।
১২। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (অতিরিক্ত দায়িত্ব), নার্সিং ইনস্টিটিউট, যশোর।
১৩। জনাব মোসাঃ সেলিনা ইয়াসমিন (পিতা-নূরুল লতিফ), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (সাময়িক বরখাস্ত), নার্সিং ইনস্টিটিউট, যশোর।
১৪। জনাব মোসাঃ সেলিনা ইয়াসমিন (পিতা-নূরুল লতিফ), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (সাময়িক বরখাস্ত), গ্রামঃ রামানন্দকাটি, পোঃ পুলম, উপজেলাঃ শালিখ, জেলাঃ মাগুরা।
১৫। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬। অফিস কপি।

০৪/০৫/২০২১

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd